



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, শেরপুর।



জরুরি

স্মারক নম্বর: ১৩.০২.৮৯০০.০০০.৫০.০০৩.১৯.২৯

তারিখ: ২৫ পৌষ ১৪২৮

০৯ জানুয়ারি ২০২২

বিষয়: সংগৃহীত আমন/২১-২২ সিদ্ধ চালের অভ্যন্তরীণ চলাচল সূচি জারি।

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহ এর ০৫/০১/২০২২ খ্রি. তারিখের ৩৭ নং স্মারক  
২। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১ এর ০৪/০১/২০২২ খ্রি. তারিখের ৩১ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ ০১ নং স্মারকে সংগ্রহের স্বার্থে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে অত্র জেলাধীন শেরপুর সদর এলএসডি হতে নালিতাবাড়ী ও নকলা এলএসডিতে সংগৃহীত আমন/২১-২২ সিদ্ধ চালের অভ্যন্তরীণ চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান করা হয়। উক্ত পূর্বানুমোদন ও “খাদ্যশস্য ও খাদ্যদ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা-২০০৮” এর ৭.১(খ) মোতাবেক সুষ্ঠুভাবে সংগ্রহ কার্যক্রম পরিচালনার নিমিত্তে ফিরতে পথে চলাচল পরিহারপূর্বক শেরপুর সদর এলএসডি হতে নালিতাবাড়ী এলএসডিতে বর্ণিত পরিমাণ সংগৃহীত আমন/২১-২২ সিদ্ধ চালের অভ্যন্তরীণ চলাচল সূচি জারি করা হলো।


এ সূচির মেয়াদ আগামী ১৩/০১/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

অভ্যন্তরীণ সূচি নং- শের/১০/চাল/২১-২২

ক্র.মিক	ঠিকাদারের নাম	পণ্য	প্রেরণ কেন্দ্র	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পরিবহন মাধ্যম
১.	মে/ জাহাজীর আলম এন্ড ব্রাদার্স	সংগৃহীত আমন/২১-২২ সিদ্ধ চাল	শেরপুর সদর এলএসডি	নালিতাবাড়ী এলএসডি	৬৪০	ট্রাকযোগে

শর্তাবলীঃ

- ১। কোন প্রকার কীটাক্রান্ত/বিনির্দেশ বহির্ভূত চাল প্রেরণ/পরিবহন/গ্রহণ করা যাবে না। প্রেরিত নমুনা যৌথ স্বাক্ষরের মাধ্যমে প্রাপক কেন্দ্রে ওয়ারেন্টী মোতাবেক প্রেরণ করতে হবে।
- ২। নির্ধারিত সময়ে সম্পূর্ণ চাল পরিবহন নিশ্চিত করতে হবে। ঠিকাদারের ব্যর্থতায় কোন প্রকার অনিয়ম হলে চুক্তিপত্রের শর্তানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৩। প্রেরক ও প্রাপককে প্রেরণ ও প্রাপ্তি বিবরণী যথাসময়ে প্রেরণ করতে হবে।
- ৪। ওজন, মান যথাযথ হতে হবে। ব্যত্যয়ে প্রাপক কেন্দ্র বিষয়টি যথাসময়ে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করবে।

  
৯-১-২০২২

মোঃ আল-ওয়াজিউর রহমান

জেলা খাদ্য নিয়ন্ত্রক

ফোন: ০৯৩১-৬১৩৪৮

বিতরণ :

- ১) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, শেরপুর এলএসডি-১, শেরপুর।
- ২) ভারপ্রাপ্ত কর্মকর্তা, নালিতাবাড়ী এলএসডি, শেরপুর।
- ৩) মেসার্স জাহাঙ্গীর আলম এন্ড ব্রাদার্স, আইআরটিসি, শেরপুর।


ইমেইল: dcf.spr@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০২.৮৯০০.০০০.৫০.০০৩.১৯.২৯/১(৬)

তারিখ: ২৫ পৌষ ১৪২৮  
০৯ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত পরিচালক (চলাচল), চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ
- ৪) উপ-পরিচালক, চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা, খাদ্য অধিদপ্তর
- ৫) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শেরপুর সদর, শেরপুর।
- ৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নালিতাবাড়ী, শেরপুর।



মোঃ আল-ওয়াজিউর রহমান  
জেলা খাদ্য নিয়ন্ত্রক